NOV. 26 2001

যুগান্তর

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাঃ বিঃতে সহাবস্থানের প্রক্রিয়ায় কাল থেকে ছাত্রলীগ নেতা-কর্মীরা হলে উঠছেন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আগামীকাল (মঙ্গলবার) থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে সহাবস্থানের প্রক্রিয়া শুরু হচ্ছে। জহুরুল হক হল থেকে বিতাড়িত ছাত্রলীগ নেতা-কর্মীদের আগামীকাল এবং জগন্নাথ হলের নেতা-কর্মীদের আগামী বুধবার হলে পুনর্বাসন করা হবে। পর্যায়ক্রমে অন্য সকল হলে ছাত্রলীগ নেতা-কর্মীদের হলে তুলে দেয়া হবে। গতকাল (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রলীগ

৩-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

**ছাত্রলীগ** প্রথম পৃষ্ঠার পর

নেতৃবৃন্দের এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনস্থ ভিসির কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী, প্রো-ভিসি প্রফেসর জেড এন তাহমিদা বেগম ও প্রক্টর ডঃ নজরুল ইসলাম উপস্থিত ছিলেন। এছাড়া ছাত্রদলের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেন, সাংগঠনিক সম্পাদক আসাদুজ্জামান আসাদ, সুলতান সালাউদ্দিন টুকু, আমিরুজ্জামান শিমুল এবং ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি বেগ শাহীন জাহান, সাধারণ সম্পাদক এ কে এম আজিম, দেলোয়ার হোসেন প্রমুখ সভায় উপস্থিত ছিলেন। সভা সূত্র জানায়, সভায় ছাত্রলীগ উত্থাপিত দাবীনামা নিয়ে বিস্তারিত আলোচনা শেষে আগামীকাল ও পরশু জহুরুল হক হল ও জগন্নাথ হলে ছাত্রলীগের বিতাড়িত নেতা-কর্মীদের তুলে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। এ দু'টি হলে ছাত্রলীগ তাদের বিতাড়িত দু'শতাধিক নেতা-কর্মীর তালিকা কর্তৃপক্ষের নিকট জমা দেয়। হল দু'টিতে সহাবস্থানের পরিবেশ সৃষ্টি হলে একে একে অন্য সকল হলে ছাত্রলীগ নেতা-কর্মীদের পুনর্বাসন করা হবে। এছাড়া ছাত্রলীগ কর্মীদের পরীক্ষায় অংশগ্রহণের ব্যবস্থা এবং ক্যাম্পাসে নিরাপত্তা নিশ্চিত করা হবে বলে কর্তৃপক্ষ আশ্বাস দেন।

সভায় ছাত্রলীগ নেতৃবৃন্দ হল খালি করে বিডিআর ও পুলিশ দিয়ে যৌথ তল্লাশি চালিয়ে এবং পরিচয়পত্র চেক করে ছাত্রদের হলে উঠার দাবী জানালেও ছাত্রদল নেতৃবৃন্দ এর কোন প্রয়োজন নেই বলে জানান। ছাত্রদল নেতৃবৃন্দ ছাত্রলীগের চিহ্নিত সন্ত্রাসী ও বহিষ্কৃত ক্যাডারদের হলে উঠার ব্যাপারেও আপত্তি করেন। আগামী মঙ্গলবার অনুষ্ঠিত সভায় ছাত্রলীগের দেয়া দু'শ' নেতা-কর্মীর তালিকা যাচাই-বাছাই করে হলে তোলার প্রক্রিয়া শুরু করা হবে। সভা শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী সাংবাদিকদের নিকট আশাবাদ ব্যক্ত করেন যে, ছাত্রলীগ নেতা-কর্মীদের হলে তুলে দেয়ার মাধ্যমে ক্যাম্পাসে শিক্ষার সুস্থ পরিবেশ ফিরে আসবে। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেন বলেন, ছাত্রদল সহাবস্থানের ব্যাপারে সর্বোচ্চ চেষ্টা করবে। ছাত্রলীগ নেতৃবৃন্দ জানান, তারা কর্তৃপক্ষের আন্তরিকতা দেখবে।